

ঝড়

আহমেদ সাবের

প্রবল বৃষ্টির শব্দে গত রাতে ভেঙ্গে গেছে ঘুম ।

অথবা ঘুমের ঘোরে বর্ষনের শব্দ শুনিয়াছি ।

উথাল পাতাল বৃক্ষ, মাতাল হাওয়ায় ।

বিশাল ঢেউয়ে দোলে আদিগন্ত এলোমেলো ক্ষেত ।

ডাল পড়ে, আম পড়ে, ঢেকে দেয় ভিজা সোঁদা মাটি ।

প্রবল গর্জনে ফুঁসে নদী কালীদহ,

অস্থির ঘূর্ণনে ঘূরে কালো জলরাশি ।

অদুরে প্রচন্ড শব্দে ভেঙ্গে পড়ে গাছ ।

বৃষ্টির শব্দের সাথে মিশে যায় সকরূণ আজানের ধ্বনি ।

আমার প্রাচীন গৃহে ঝরিতেছে শ্রাবণের জল,

টিনের বিস্তৃত চালে চলিতেছে বৃষ্টির সঙ্গীত ।

বিধৃত গাছের ডালে বসে ক্লান্ত পাখী,

হারিয়ে আপন নীড়, খেপা এই দুরত্ব বাতাসে ।

নিবিড় বনের মধ্যে ছুটাছুটি করে,

খেলিতেছে অবহেলে কতিপয় দামাল সন্তান,

নির্ভর্যে । বৃষ্টি ও বাতাস যেন সঙ্গী তাহাদের ।

আমার আদিম বাস্তু ঝড়ে নড়বড় ।

আমিও অস্থির চিত্তে ভাবি বসে বসে,

থেমে যাবে ঝড় এই, কত কাল পর ?

ঘুম ভেঙ্গে চেয়ে দেখি সিডনীর প্রসন্ন আকাশ ।

গাম ট্রির পাতা গুলো ভেজা বৃষ্টি জলে ।

ভোরের নরম রোদ পোহাইছে তাজা, ভেজা ঘাস ।

বাগানে অস্থির কিছু সবাক পথিক -

কাকাতুয়া, মেগপাই, আরো নানা পাখী,

জমিয়ে দারুণ আড়ডা গ্রেভেলিয়া বনে ।